

স্মারকঃ ২৭.২৯.০০০০.০৯১.০৬.০০১.২১.০১১

তারিখঃ ৩০/১২/২১ খ্রিঃ

“নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিঃ -এ ৪র্থ শিল্প বিপ্লব বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে
অবহিতকরণ সভার কার্যবিবরণী”

সভাপতিঃ জনাব মোঃ আব্দুর রশিদ
প্রধান প্রকৌশলী (বিতরণ অঞ্চল, রাজশাহী), নেসকো লিঃ।
সভার তারিখঃ ২৭/১২/২০২১ খ্রিঃ
সভার সময়ঃ অপরাহ্ন ১২:০০ ঘটিকা
স্থানঃ ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্ব স্ব অবস্থান থেকে সভা।
উপস্থিতিঃ সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে নেসকো লিঃ এর প্রধান প্রকৌশলী (বিতরণ অঞ্চল, রাজশাহী),
প্রধান প্রকৌশলী (বিতরণ অঞ্চল, রংপুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাণিজ্যিক পরিচালন), বিভিন্ন প ও
স সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, উপ-মহাব্যবস্থাপক (আইসিটি অ্যান্ড অটোমেশন, অঃদাঃ),
ব্যবস্থাপক (ডাটা সেন্টার), ব্যবস্থাপক (এমআইএস), উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর
(বিতরণ অঞ্চল), নেসকো লিঃ, রংপুর সহ বিভিন্ন দপ্তরের নির্বাহী প্রকৌশলী, আবাসিক প্রকৌশলী,
উপবিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলীসহ সর্বমোট ৫৫ জন উপস্থিত ছিলেন।

সভার আলোচ্যসূচি নিম্নরূপঃ

৪র্থ শিল্প বিপ্লব বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা।

আলোচনা:

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে সংযুক্ত থাকার জন্য ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
সভাপতির অনুমতিক্রমে ব্যবস্থাপক (এমআইএস) জনাব রাজীব বিশ্বাস পর্যায়ক্রমিকভাবে ১ম থেকে ৪র্থ শিল্প
বিপ্লবসমূহ নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন। পরবর্তীতে সভার সভাপতি মহোদয় নিম্নোক্ত বিষয়সমূহ পর্যালোচনা
করেন।

১। ৪র্থ শিল্প বিপ্লব-এ আমাদের করণীয় বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। সভাপতি মহোদয় ৪র্থ শিল্প
বিপ্লবের প্রেক্ষাপট, পটভূমি এবং চ্যালেঞ্জসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। নেসকো এর আঙ্গিকে ৪র্থ শিল্প বিপ্লব
মোকাবেলায় কি কি পদক্ষেপ নেওয়া যেতে পারে সেই বিষয়েও তিনি বিস্তারিত আলোচনা করেন।

২। ৪র্থ শিল্প বিপ্লব মোকাবেলায় নেসকো লিঃ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ
সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

৩। ৪র্থ শিল্প বিপ্লবের অন্যতম চ্যালেঞ্জ হচ্ছে অটোমেশনের ফলে সৃষ্ট বেকারত্ব। কেউ যেন ৪র্থ শিল্প বিপ্লবের ফলে
বেকার না হয়, তাদেরকে যেন দক্ষতা বৃদ্ধি করে কাজে নিয়োজিত করা যায়- সেই বিষয় নিয়েও বিস্তারিত আলোচনা
করা হয়েছে।

৪র্থ শিল্প বিপ্লব মোকাবেলায় সকলকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করার জন্য এবং অন্য সকলকে ৪র্থ শিল্প বিপ্লবে করণীয়
সম্পর্কে অবহিত করার জন্য সভাপতি মহোদয় সভার সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত সমূহ:

চন্দ্রমাণ

- ১। ৪র্থ শিল্প বিপ্লব মোকাবেলায় প্রয়োজনীয় প্রশিক্ষণ এর ব্যবস্থা করতে হবে।
 - ২। সকল দপ্তর প্রধানগণ নিজ দপ্তরের সকলকে ৪র্থ শিল্প বিপ্লব মোকাবেলায় করণীয় সম্পর্কে অবহিত করবেন এবং সকলকে এই ৪র্থ শিল্প বিপ্লব মোকাবেলায় অংশগ্রহণের জন্য আহ্বান জানাবেন।
 - ৩। কমিটির পরবর্তী সভার সময় ও তারিখ সকলকে পরবর্তীতে জানানো হবে।
- সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rajib
৩০/১২/২১

রাজীব বিশ্বাস
ব্যবস্থাপক (এমআইএস)
নেসকো লিঃ, রাজশাহী

স্মারকঃ ২৭.২৯.০০০০.০৯১.০৬.০০১.২১.০১১

তারিখঃ ৩০/১২/২১ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। ব্যবস্থাপনা পরিচালক, নেসকো লিঃ, রাজশাহী।
- ২। সকল নির্বাহী পরিচালক, নেসকো লিঃ, রাজশাহী।
- ৩। সকল প্রধান প্রকৌশলী, নেসকো লিঃ।
- ৪। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নেসকো লিঃ।
- ৫। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি এন্ড অটোমেশন), নেসকো লিঃ, রাজশাহী।
- ৬। সকল নির্বাহী প্রকৌশলী, নেসকো লিঃ।
- ৭। ব্যবস্থাপক (বাণিজ্যিক পরিচালন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাণিজ্যিক পরিচালন)-এর দপ্তর, নেসকো লিঃ।
- ৮। ব্যবস্থাপক (ডাটাসেন্টার), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, নেসকো লিঃ, রাজশাহী।
- ৯। সকল আবাসিক প্রকৌশলী, নেসকো লিঃ।
- ১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর (বিতরণ অঞ্চল), নেসকো লিঃ, রংপুর।
- ৯। সহকারী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্রয়) এর দপ্তর, নেসকো লিঃ, রাজশাহী।
- ১০। দপ্তর নথি।

Rajib
৩০/১২/২১

রাজীব বিশ্বাস
ব্যবস্থাপক (এমআইএস)
নেসকো লিঃ, রাজশাহী